

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৩৬৯

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০

১৩ মার্চ ২০২৪

বিষয়: মোংলা বন্দরে আগতব্য MV. HG MELBOURNE জাহাজ হতে সড়ক ও নৌপথে মোট ২০১৬০.৮৮৬ (+/-) মে.টন গমের চলাচলসূচি (সূচি নং-৭২)

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১০-০৩-২০২৪ খ্রি. ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২৩-৮৪৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদে ক্রয়কৃত চুক্তি নং-১৩.০১.০০০০.০৯৩.৪৬.০০৭.২৩-০৬; তারিখ ০৮-০১-২০২৪ খ্রি. এর বিপরীতে উরুগুয়ে হতে ২০১৬০.৮৮৬ মে.টন ঢালা গম নিয়ে MV. HG MELBOURNE নামীয় একখানা জাহাজ আগামী ১৮-০৩-২০২৪ খ্রি. তারিখে মোংলা বন্দরে আগমন করবে। আগত জাহাজের গম বার্জ/কার্গোতে খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রের প্রেরণের লক্ষ্যে চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে মোংলা বন্দরে আগতব্য MV. HG MELBOURNE জাহাজের গম দ্রুত খালাসের লক্ষ্যে সশস্ত্রী রুটে রাজশাহী ও খুলনা বিভাগের স্থাপনাসমূহে খালি জায়গা বিবেচনায় নিম্নোক্তভাবে সড়ক ও নৌপথে মোট ৭২০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে জারিকৃত চলাচল সূচি সড়ক পথের অংশ প্রাপক কেন্দ্রে পরিবহণ করা সম্ভব না হলে সশস্ত্রী রুট বিবেচনায় ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে নিকটস্থ খুলনা সিএসডি/মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে। তবে সে ক্ষেত্রে অবশ্যই সূচি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে অবহিত করতে হবে কিংবা যৌক্তিকতা বিশ্লেষণপূর্বক ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব এ দপ্তরে প্রেরণ করতে হবে।

মোংলা বন্দর হতে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে রাজশাহী বিভাগে নৌপথে গমের চলাচল সূচিঃ

ক্র. নং	জাহাজের নাম	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
---------	-------------	--------	-------------	----------------	----------------	------	-----	---------

১.	মোংলা বন্দর (MV. HG MELBOURNE জাহাজ)	বাঘাবাড়ী ঘাট, সিরাজগঞ্জ	রাজশাহী	রাজশাহী এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	নৌ/সড়ক পথ	চসনি, খুলনা বাঘাবাড়ী ঘাট পর্যন্ত উপসূচি জারি করবেন। আখানি, রাজশাহী এবং জেখানি, সিরাজগঞ্জ বাঘাবাড়ী ঘাট হতে নিম্নোক্ত স্থাপনায় ব্যয় কম বিবেচনায় পরিবহণ করাবেন।
২.	ঐ	ঐ	বগুড়া	বগুড়া এলএসডি	৩০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ এলএসডি	৬০০	ঐ	ঐ	
				মোট =	১২০০			

মোংলা বন্দর হতে খুলনা বিভাগে গমের চলাচল সূচি

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. HG MELBOURNE জাহাজ)	-	খুলনা	ফুলতলা এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	নৌ ও সড়ক পথ	চসনি, খুলনা ব্যয় কম বিবেচনায় উপসূচি জারি করবেন
২.	ঐ	৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট, খুলনা	যশোর	যশোর এলএসডি	১০০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	খুলনা	খুলনা সিএসডি	২৩০০	ঐ	ঐ	
৪.	ঐ	মহেশ্বরপাশা ঘাট, খুলনা	ঐ	মহেশ্বরপাশা সিএসডি	২৪০০	ঐ	ঐ	
				মোট =	৬০০০			
				সর্বমোট =	৭২০০			

উক্ত জাহাজের অবশিষ্ট ১২৯৬০.৮৮৬ (+/-) মে.টন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ আগামী ২৭-০৩-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে। নির্ধারিত মেয়াদের পর গম পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করা হবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৪-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/রাজশাহী
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/বগুড়া/সিরাজগঞ্জ/খুলনা
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ
নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৩৬৯/১(৯)

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০
১৩ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধ করা হলো)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয়
অবগতির জন্য)
- ৮) ব্যবস্থাপক, সিএসডি
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি

১৪-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক